রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ৯, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ/ ৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৪.২৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের সমন্বয়, ব্যবস্থাপনা ও আইন-শৃঙ্খলা সম্পর্কিত জাতীয় কমিটি'** নিম্নরূপে গঠন করেছে:

২। **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| ১) | উপদেষ্টা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | আহ্বায়ক |
| ২) | উপদেষ্টা, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ৩) | উপদেষ্টা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৪) | উপদেষ্টা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| ৫) | মাননীয় প্রধান উপদেষ্টার রোহিঙ্গা সমস্যা ও অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়াবলী সংক্রান্ত হাই রিপ্রেজেন্টেটিভ | : | সদস্য |
| ৬) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | : | সদস্য |
| ৭) | মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় | : | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| ৮) | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| ৯) | সচিব, সুরক্ষা সেবা বিভাগ | : | সদস্য |
| ১০) | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ১১) | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ১২) | প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ | : | সদস্য |
| ১৩) | পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর | : | সদস্য |
| ১৪) | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো | : | সদস্য |
| ১৫) | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) | : | সদস্য |
| ১৬) | মহাপরিচালক, সামরিক গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) | : | সদস্য |
| ১৭) | বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম | : | সদস্য |
| ১৮) | শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার | : | সদস্য |

২.১। এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

**২.২। কমিটির কার্যপরিধি :**

১) বাংলাদেশে আশ্রয় নেয়া বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের (রোহিঙ্গা) ক্যাম্প এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত সার্বিক কার্যক্রমের সমন্বয়, ব্যবস্থাপনা ও প্রত্যাবাসনসহ সকল কার্যক্রমের সমন্বয় সাধন;

২) প্রত্যাবাসন সংক্রান্ত জাতীয় টাস্কফোর্স (এনটিএফ) ও ভাসানচরে স্থানান্তরের লক্ষ্যে গঠিত জাতীয় এক্সিকিউটিভ কমিটির কার্যক্রম এবং নিরাপত্তা প্রদানসহ রোহিঙ্গা নাগরিকদের বিষয়ে গৃহীত সকল কার্যক্রম পর্যবেক্ষণ, মূল্যায়ন, পুনঃনিরীক্ষণ ও পরামর্শ প্রদান;

৩) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি

২.২.১। কমিটি প্রয়োজনে যে কোনো কর্মকর্তা/ব্যক্তিকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানাতে পারবে;

২.২.২। প্রতি ৩ (তিন) মাসে কমিটি অন্যূন একটি সভা এবং প্রয়োজনানুসারে যে কোনো সময়ে সভার আয়োজন করবে;

২.২.৩। রাজনৈতিক ও আইসিটি অনুবিভাগ, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২.২.৪। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৫ এপ্রিল ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১. ০৬.০০১.২৪.৭৬ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

জাহেদা পারভীন
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd